গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ

বিষয়: পেট্রোবাংলার ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি: | নাজমুল আহসান<br>পরিচালক (প্রশাসন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা। |
| সভার তারিখ: | ২১.০৩.২০২১ খ্রি. |
| সভার সময়: | দুপুর ০২.৩০ ঘটিকা |
| স্থান: | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি: | রেকর্ডেড |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় বর্তমান করোনা পরিস্থিতিতে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) চলতি ২০২০-২০২১ অর্থবছরের পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২০-ডিসেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও ৩য় কোয়ার্টারে পেট্রোবাংলা নৈতিকতা কমিটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় গৃহীত লক্ষ্যমাত্রাসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

০২। সভায় উল্লেখ করা হয় যে, পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ২য় কোয়ার্টার (অক্টোবর ২০২০-ডিসেম্বর ২০২০)-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল) ব্যতীত সকল কোম্পানি প্রেরণ করেছে। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, নিম্নলিখিত পাঁচটি কোম্পানির প্রতিবেদন সন্তোষজনক।

| ক্রঃ নং | কোম্পানির নাম |
|---|---|
| ১. | বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) |
| ২. | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) |
| ৩. | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) |
| ৪. | তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল) |
| ৫. | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) |

অবশিষ্ট কোম্পানিগুলোর ২য় কোয়ার্টারের মূল্যায়ন প্রতিবেদন সন্তোষজনক নয়। উল্লেখ্য, যে সকল কোম্পানির ২য় কোয়ার্টারের প্রতিবেদনে অসর্ম্পূণ তথ্য প্রদান করেছে সেগুলো চিহ্নিত করে শুদ্ধরূপে কর্মপরিকল্পনা সম্পন্ন করার লক্ষ্যে পেট্রোবাংলা নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল)-এর সাথে আলোচনা করে যথাযথভাবে ব্যবস্থা নেবেন মর্মে সভায় পরিচালক (প্রশাসন) মহোদয় নির্দেশনা প্রদান করেন। যে সকল কোম্পানি প্রতিবেদন দেয়নি সে সকল কোম্পানিকে সভাপতি যথাসময়ে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, কোম্পানিসমূহ কর্তৃক প্রেরিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রতিবেদন মূল্যায়নে প্রমাণক আবশ্যকীয় অনুষঙ্গ। সভায় পরিচালক (প্রশাসন) সকল কোম্পানিকে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) কোম্পানি প্রান্তে অংশীজনের সাথে সভা আয়োজন অগ্রগতি বিষয়ে জানতে চান। সভাপতি সকল কোম্পানিকে অংশীজনের সাথে সভা আহবানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় জানানো হয় যে, পেট্রোবাংলায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৪র্থ কোয়ার্টারে গণশুনানি আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এতদপ্রেক্ষিতে সভায় পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এবং জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-কে ৪র্থ কোয়ার্টারে গণশুনানি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৫। সভায় মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) জানান যে, পেট্রোবাংলায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী সংস্থার নিয়ন্ত্রণাধীন কোম্পানিসমূহের স্কুল-কলেজে পর্যায়ক্রমে কোমলমতি শিক্ষার্থীদের জন্য সততা স্টোর স্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। এতদপ্রেক্ষিতে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) কর্তৃক পরিচালিত স্কুলে সততা স্টোর স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।

০৬। সভায় সকল কোম্পানিকে পরিকল্পনানুযায়ী বিভিন্ন স্থাপনা, চলমান প্রকল্প ও ফিল্ড পরিদর্শন করে অসঙ্গতি দূর, সিটিজেন চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন, কোম্পানির ওয়েবসাইট হালনাগাদ রাখা, অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ, প্রিপেইড মিটার দ্রুত স্থাপন, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ইত্যাদি কার্যক্রমে কোম্পানির ফোকাল পয়েন্টদের তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৭। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:
ক) পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানি যথাসময়ে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ পেট্রোবাংলায় প্রেরণ করবে।
খ) পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ কোম্পানি প্রান্তে অংশীজনের সাথে সভা আয়োজন করবে।
গ) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এবং জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) ৪র্থ কোয়ার্টারে গণশুনানি আয়োজন করবে।
ঘ) বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) তার পরিচালিত স্কুলে সততা স্টোর স্থাপন করবে।
ঙ) পেট্রোবাংলার আওতাধীন সকল গ্যাস বিপণন কোম্পানি প্রিপেইড মিটার স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।।

০৮। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
পরিচালক (প্রশাসন) ও সভাপতি
নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।